গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ২য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোছাঃ নূরজাহান খাতুন<br>যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| স্থান | : | ভার্চুয়ালি (জুম) সভা। |
| তারিখ | : | ২৮.০৩.২০২৩ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০:৩০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ২০২২-২৩ এ "সক্ষমতা অর্জন" কার্যক্রমের ক্ষেত্রে সেবা প্রদান বিষয়ে এ অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। তিনি সেবা গ্রহণ ও প্রদানের বিষয়ে সকলের অনুভূতি, প্রতিক্রিয়া মতামত শুনতে চান এবং গঠনমূলক সমালোচনাসহ বাস্তবায়নযোগ্য সুপারিশ প্রদানের অনুরোধ জানান এবং সভা পরিচালনা করার জন্য উপসচিব (প্রশাসন-২) কে নির্দেশনা প্রদান করেন। পঞ্চগড় জেলার জেলা শিক্ষা কর্মকর্তাসহ প্রাথমিক শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষা কর্মকর্তা, কর্মচারী, শিক্ষক, এসএমসি সদস্য ও অভিভাবক প্রতিনিধিগণ ভার্চুয়ালি (জুম)-এ সভায় সংযুক্ত থাকেন।

০২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার সম্পর্কে অংশগ্রহণকারীদের মতামত তুলে ধরতে বলেন। সভায় সংযুক্ত অভিভাবক, এসএমসি সদস্য, সহকারী শিক্ষক, প্রধান শিক্ষক, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা শিক্ষা কর্মকর্তাসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসের কর্মকর্তাদের মতামত, দ্রুততম সময়ে কিভাবে সেবা প্রদান করা যায় সে বিষয়ে সকলের মতামত গ্রহণ করেন। আলোচনায় অংশগ্রহণকারীগণ জিপিএফ, গৃহ নির্মাণ ঋণ, শিক্ষকদের পেনশন ও পিআরএল, অনলাইনে শিক্ষক বদলী, ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদান, বিনামূল্যে বই বিতরণ, এসএমসি কমিটি গঠন, অবকাঠামো উন্নয়ন এবং ছাত্র-ছাত্রীদের পড়াশুনার মান বৃদ্ধি করা যায় সে বিষয়ে মতামত তুলে ধরেন এবং সুপারিশ প্রদান করেন। অটোয়ারী উপজেলার উপজেলা শিক্ষা অফিসার উল্লেখ করেন, সেবা গ্রহণকারী শিক্ষকদের নিয়ে সেবা প্রদানের ক্ষেত্রে তথ্য সংগ্রহের জন্য হোয়াটস অ্যাপ গ্রুপ খুলেছেন। পঞ্চগড় সদর উপজেলার বীর মুক্তিযোদ্ধা নূর ইসলাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন অভিভাবক উল্লেখ করেন যে, বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা অনেক বেশী হলেও শিক্ষকের সংখ্যা অনেক কম তাই ছাত্র-ছাত্রীদের পড়াশুনার মান নিম্নমানের। দেবীগঞ্জ উপজেলার পাইকারপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক বলেন, বিদ্যালয়ে পর্যাপ্ত পরিমাণে শ্রেণি কক্ষ না থাকায় পড়াশুনার বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

০৩। তেঁতুলিয়া উপজেলার সহকারী উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, সেবাগ্রহীতাদের অধিকাংশই শিক্ষক এবং দ্রুততার সাথে সেবা প্রদান করার চেষ্টা করেন। অটোয়ারী উপজেলার রাধানগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি সভাপতি উল্লেখ করেন যে, তার বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পড়াশুনার মান অনেক ভালো এবং উপবৃত্তির টাকা ঠিকমত বিতরণ করা হয়। পঞ্চগড় সদর উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়েরে একজন প্রধান শিক্ষক উল্লেখ করেন যে, তারা ঝরে পড়া রোধকল্পে শিক্ষার্থীদের নিয়ে কাজ করেন এবং এসএসমি সদস্য ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে মা সমাবেশ করেন। তেঁতুলিয়া উপজেলার বাংলাবান্ধা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এসএমসি সভাপতি উল্লেখ করেন, বিদ্যালয়ে ছাত্রী-ছাত্রীর সংখ্যা অনেক বেশি এবং শিক্ষকের সংখ্যা কম। তিনি ছাত্র-ছাত্রীদের দুপুরে খাবার দেবার জন্য অনুরোধ করেন।

০৪। বোদা উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বলেন, ছাত্র-ছাত্রীদের পড়াশুনার মান অনেক ভালো এবং স্মার্ট বাংলাদেশ গঠনের জন্য কাজ করে যাচ্ছেন। স্কুলের পরিবেশ অনেক ভালো এবং তথ্য আদান-প্রদানের জন্য হোয়াটস অ্যাপ গ্রুপ খুলেছেন। দেবীগঞ্জ উপজেলা শিক্ষা অফিসের অফিস সহকারী উল্লেখ করেন যে, তারা বেশির ভাগ শিক্ষকদের সেবা প্রদান করেন এবং দ্রুততার সাথে সেবা প্রদানের জন্য প্রত্যেকের ১টি করে ল্যাপটপ/ডেক্সটপ প্রয়োজন। তাছাড়া কোন কোন আলোচক বিদ্যালয় এবং অফিসসমূহে শূন্য পদ পূরণের পক্ষে তাদের মতামত তুলে ধরেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) শিক্ষকদের দ্রুততার সাথে সেবা প্রদানের কার্যক্রম গ্রহণের ব্যবস্থা করতে হবে।

(খ) পঞ্চগড় জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তার অধীনস্থ বিভিন্ন উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষকদের শূন্যপদের তালিকা প্রস্তুত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করতে হবে।

(ঘ) ছাত্র-ছাত্রীদের মানসম্মত শিক্ষা প্রদানে কি কি সমস্যা হচ্ছে সে সকল বিষয়ে তালিকা প্রস্তুত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
২৯/০৩/২০২৩
(মোছাঃ নূরজাহান খাতুন)
যুগ্মসচিব (প্রশাসন)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নম্বর ৩৮.০০.০০০০.০০২.৩৪.০০১.২২-৪২০

তারিখঃ ১৫ চৈত্র ১৪২৯ / ২৯ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড়।
১২. সুপারিনটেনডেন্ট, পঞ্চগড় পিটিআই, পঞ্চগড়।
১৩. অফিস কপি।

২৯।০৩।২৩

(ড. বিলকিস বেগম)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৯২৮
ই-মেইল: dsad2@mopme.gov.bd